

1991সালে স্থাপিত ইউকে - ভিত্তিক দাতব্য সংগঠন অ্যাকশন অন প্রি-এক্ল্যাম্পসিয়া। যেসব মহিলাদের প্রি-এক্ল্যাম্পসিয়া (প্রি-এক্ল্যাম্পসিয়া) এক্ল্যাম্পসিয়া (মুগী), HELLP সিন্ড্রোম বা গর্ভধারণ-জনিত রক্তচাপবৃদ্ধি (প্রেগনেসি ইনডিউসড হাইপার টেনশন (PIH)) হয়, আমরা তাদের সাহায্য ও সমর্থন দিই।

যেসব মহিলা প্রি-এক্ল্যাম্পসিয়ায় ভুগছেন তাদের সমর্থন ও তথ্য দেওয়ার জন্য অ্যাকশন অন প্রি-এক্ল্যাম্পসিয়া আরম্ভ করা হয়। তখন থেকে, আমরা সংগঠন হিসাবে গড়ে উঠলেও আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য একই আছে।

আমাদের লক্ষ্য এমন এক ভবিষ্যত যেখানে মা ও তার গর্ভস্থ শিশুর সুস্থতা ও স্বাস্থ্যে প্রি-এক্ল্যাম্পসিয়া বিপজ্জনক লক্ষণ হয়ে উঠবে না। আমাদের উদ্দেশ্য দ্রুত জনসচেতনতা বৃদ্ধি, পেশাদার জ্ঞান ও দক্ষতার বিস্তার ও প্রভাবিত পরিবারদের অবিলম্বে অবিরাম সাহায্য দিয়ে প্রি-এক্ল্যাম্পসিয়ার প্রতিরোধ করা বা এই সমস্যাজনিত দুখ বেদনা কম করা।

আমরা জনসাধারণ ও স্বাস্থ্য বিশেষজ্ঞদের প্রি-এক্ল্যাম্পসিয়ার ব্যাপক প্রভাব, প্রকৃতি ও বিপদের আশঙ্কার ব্যাপারে জানাতে, পরামর্শ দিতে ও শেখাতে চাই। এই রোগ সম্বন্ধে সচেতনতা বাড়ানোর জন্য ও রোগসন্ধান ও চিকিৎসা পদ্ধতির উন্নতির জন্য আমরা প্রচার অভিযান চালাই। আমরা এই রোগাক্রান্ত মহিলা ও তাদের পরিবারদের সমর্থন দিই এবং রোগের কারণ অনুসন্ধান, উপযুক্ত রোগ পরীক্ষা প্রণালী ও চিকিৎসা পদ্ধতির বিষয়ে গবেষণার উদ্যোক্তা।

আমরা গর্ভবতী মহিলা, প্রভাবিত পরিবার ও প্রসূতি পরিচর্যার সঙ্গে যুক্ত স্বাস্থ্য বিশেষজ্ঞদের প্রি-এক্ল্যাম্পসিয়ার বিষয়ে তথ্য জানাই। আমরা প্রি-এক্ল্যাম্পসিয়ার বিষয়ে পেশাগত শিক্ষাদান ছাড়াও অবিরাম সভা-সম্মেলন ও অধ্যয়ন সত্রের কর্মসূচির আয়োজন করি। আমাদের একটা রাষ্ট্রীয় ফোন হেল্পলাইন (+208 427 4217), সমব্যথী ও বন্ধুদের স্থানীয় নেটওয়ার্ক ও বিশেষজ্ঞদের পরামর্শ ও পরিচর্যা ব্যবস্থা আছে।